রেজিস্টার্ড নং ডি এ-১

-02

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ় ১৪১৩/৬ জুলাই ২০০৬

এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৬—যেহেতু পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালকের পরামর্শক্রমে সরকার এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে,—

(ক) দেশের বিভিন্ন স্থানে পুরাতন লেড-এসিড ব্যাটারী, অতঃপর ব্যাটারী বলিয়া উল্লিখিত, অপরিকল্পিতভাবে ভাঙ্গিয়া বা, ক্ষেত্রমত, আগুনে গলাইয়া সীসা (লেড), সালফিউরিক এসিড, প্লাস্টিক ও অন্যান্য বস্তু বা পদার্থ পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে সংগ্রহ ও পুনঃব্যবহার করা হইতেছে, এবং

(খ) অনুচ্ছেদ (ক) তে উল্লিখিতরূপে ব্যাটারীর পুনঃপ্রক্রিয়াজাতকরণযোগ্য বস্তু বা পদার্থের সংগ্রহ ও পুনঃব্যবহার পরিবেশ তথা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর প্রভাব বিস্তার করিতেছে; এবং

(গ) পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে উপরি-উক্ত বিষয়ে আশু ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সালের ১নং আইন) এর ধারা ৬ক-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাণিজ্যিকভাবে পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে, লেড-এসিড ব্যাটারী ভাঙ্গিয়া বা, ক্ষেত্রমত, আগুনে গলাইয়া সীসা ও অন্যান্য পুনঃপ্রক্রিয়াজাতকরণযোগ্য বস্তু বা পদার্থ সংগ্রহ ও পুনঃব্যবহারের কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করিল।



মূল্য : টাকা ২.০০

শর্ত

(১) পরিবেশ অধিদপ্তর হইতে প্রযোজ্য পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে ব্যাটারী ভাঙ্গা বা ক্ষেত্রমত, আগুনে গলানোর কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না;

(২) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পুরাতন বা অকার্যকর ব্যাটারী বা উহার অংশবিশেষ কোন অবস্থাতেই উন্মুক্ত স্থান মাটি, পানি, আবর্জনা ফেলার স্থান বা অন্য কোন স্থানে সংরক্ষণ বা নিক্ষেপ করিবে না;

(৩) ব্যাটারী ব্যবহারকারীগণকে সকল পুরাতন বা অকার্যকর ব্যাটারীর নিরাপদ অপসারণের (safe disposal) উদ্দেশ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানের (recycling Plant) সহিত চুক্তিবদ্ধ ব্যাটারীর খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরের নিকট হস্তান্তর করিতে হইবে;

(৪) সকল প্রকার ব্যাটারী খুচরা বিক্রেতা, ডিলার ও ডিস্ট্রিবিউটরকে, পরিবেশ সুরক্ষার স্বার্থে নূতন ব্যাটারী বিক্রয়ের সময় ক্রেতার নিকট হইতে প্রতিটি নূতন ব্যাটারীর বিপরীতে পুরাতন ব্যাটারী সংগ্রহপূর্বক, যথাশীঘ্র সম্ভব, উহা পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে;

(৫) শর্ত (৩) এর অধীন পুরাতন বা অকার্যকর ব্যাটারী হস্তান্তরকালে উহার ব্যবহারকারীগণ খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণের নিকট হইতে হস্তান্তর মূল্য বাবদ কোন প্রকার আর্থিক মূল্য দাবি করিতে পারিবেন না, এবং অনুরূপভাবে খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণও উক্ত ব্যবহারকারীগণের নিকট কোন প্রকার অর্থ দাবি করিতে পারিবেন না।

২। পরিবেশ সংরক্ষণের উদ্দেশ্যে, উপরে বর্ণিত শর্তাদির এক বা একাধিক নির্দেশের লংঘন বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ১৫ এর বিধান অনুসারে দণ্ডনীয় হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাফর আহমেদ চৌধুরী
সচিব ।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

fax: 883-2209

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩

## প্রজ্ঞাপন

তারিখ, ২৯ মাঘ ১৪১৪ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯-আইন/২০০৮।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ৬ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালকের পরামর্শক্রমে, সরকার সন্তুষ্ট হইয়া বিগত ২২ আষাঢ় ১৪১৩ বঃ মোতাবেক ৬ জুলাই ২০০৬ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৬ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উক্ত প্রজ্ঞাপনের শর্ত (৫) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ —

"(৫) শর্ত (৩) এর অধীন পুরাতন বা অকার্যকর ব্যাটারী হস্তান্তরকালে উহার ব্যবহারকারীগণ, খুচরা বিক্রেতা, ডিলার বা ডিস্ট্রিবিউটরগণ একে অপরের নিকট হইতে পারস্পরিক সম্মতির ভিত্তিতে, নির্ধারিত হারে, হস্তান্তর মূল্য প্রদান ও গ্রহণ করিতে পারিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. মোঃ নাসির উদ্দিন
উপ-সচিব।

এ. কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ২.০০